



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 JULY 2024**

**7:35—7:40 AM IST**

কংগ্রেস নেতৃত্বাধীন ইউ পি এ সরকার ২০০৪ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত যেখানে ভারতীয় রেলের চার লক্ষ ১১ হাজার নিযুক্তি প্রদান করে , সেখানে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন জাতীয় গনতান্ত্রিক মোর্চা , এন ডি এ সরকার ২০১৪ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত ভারতীয় রেলের পাঁচ লক্ষেরও অধিক যুবক-যুবতীকে চাকুরী প্রদান করেছে । কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৱ গতকাল লোকসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে এই তথ্য দিয়ে জানান যে রেলের সুরক্ষা সংক্রান্ত বিষয়ে আরো গুরুত্ব দিতে চলতি বছরের জানুয়ারী থেকে মার্চ মাস পর্যন্ত সহকারী লোকো পাইলট , উপ-পরিদর্শক , রেল ওয়ে সুরক্ষা বাহিনীর কনস্টেবল পদে ৩২ হাজার শূন্য পদের বিজ্ঞপ্তি জারী করা হয়েছে ।

এবারের বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের রেলের উন্নয়নের জন্য ১০ হাজার ৩৭৬ কোটি টাকা প্রদান করা হয়েছে । রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৱ গতকাল উত্তর-পূর্ব সীমান্ত রেলের প্রবীণ আধিকারিক ও সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে উত্তর-পূর্বাঞ্চলে ৭৪ হাজার ৯৭২ কোটি টাকা বিনিয়োগে ১৮ টি রেলওয়ে প্রকল্পের কাজ চলছে । রেলমন্ত্রী বলেন যে গত ১০ বছরে উত্তর-পূর্বাঞ্চলে ৪৭০ টি রেলওয়ে আন্ডারপাস ও ওভারব্রিজ নির্মাণ সম্পূর্ণ হওয়া সহ ৬০ টি স্টেশনের পুনঃসংস্কার করা হয়েছে । কেন্দ্র বর্তমানের পরিকাঠামো উন্নয়নের জন্য পর্যাপ্ত অর্থ মঞ্জুর করেছে বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে

চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের সব রেলপথ বৈদ্যুতিকরণ করা হবে ।

---

---

রাজ্যের বেশকয়েকটি জেলায় জাপানীজ এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে । গোয়ালপাড়া জেলায় এপর্যন্ত ৯ জন লোক এই রোগে আক্রান্ত হয়েছেন । এরমধ্যে নকুল কাছাড়ী নামের একজন লোকের গৌহাটী মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় । এদিকে তিনজন গোয়ালপাড়া সিভিল হাসপাতালের আই সি ইউ-তে এবং একজন গৌহাটীর একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন । বাকী কয়েকজন সুস্থ হয়ে উঠছেন বলে রাজ্যের স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে ।

---

---

আসাম বিধানসভার উপাধ্যক্ষ ডক্টর নোমাল মোমিন কাছাড় ও করিমগঞ্জ জেলা সফরে আজ শিলচর আসছেন । ডক্টর মোমিন আজ দুপুর ১টা ৪৫ মিনিটে শিলচর বিমান বন্দর পৌঁছে সোজা করিমগঞ্জ চলে যাবেন । করিমগঞ্জে বিকেল পাঁচটায় সরস্বতী বিদ্যানিকেতনে রবীন্দ্র জন্ম বার্ষিকীর অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে রাতেই শিলচর ফিরে আসবেন । আগামীকাল উপাধ্যক্ষ ডক্টর মোমিন গুয়াহাটী ফিরে যাবেন ।

---

---

অসম রাজ্য প্রাথমিক শিক্ষক সম্মিলনীর ৪৪তম দ্বি-বার্ষিক অধিবেশন গত মঙ্গলবার থেকে হাইলাকান্দি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে শুরু হচ্ছে । অধিবেশনের তৃতীয় দিন আজ রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । চার দিনের এই অধিবেশনে শিক্ষা সংক্রান্ত প্রাসঙ্গিক বিষয় এবং শিক্ষার গুণগত মান উন্নয়নের বিষয় নিয়ে আলোচনা করা হচ্ছে ।

---

---

এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রনোজ পেগু কাছাড় ও হাইলাকান্দি জেলার দু দিনের সফর সূচী নিয়ে গতকাল শিলচর এসেছেন । মন্ত্রী ডক্টর পেগু গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগের আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । গতকালের বেঠকে

মন্ত্রী ডাঃ পেগু শিলচর গুরুচরন কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নতকরনে সরকারী প্রক্রিয়া সহ বিদ্যালয়গুলিতে বিনামূল্যে পাঠ্য পুস্তক বিতরন , মধ্যাহ্ন ভোজন , শিক্ষাসেতু এ্যাপের বিষয় নিয়ে আধিকারীকদের সঙ্গে আলোচনা করেছেন ।

---

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জাতীয় নাগরিক পঞ্জীতে নাম রয়েছে অথচ বায়োমেট্রিকের কারনে যাদের আধার কার্ড হয় নি ,সে সব ব্যক্তিদের আধার কার্ড প্রস্তুতির জন্য আজ থেকে শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয় সংলগ্ন ডাক বাংলোতে আধার কেন্দ্র স্থাপন করা হয়েছে । জেলা প্রশাসন থেকে যাদের জাতীয় নাগরিক পঞ্জীতে নাম থাকার পরও আধার কার্ড হয় নি , তাদেরকে ভোটার পরিচয় পত্র , রেশন কার্ড , প্যান কার্ড , জাতীয় নাগরিক পঞ্জীর এ আর এন নম্বর সহ অন্যান্য প্রয়োজনীয় নথি পত্র নিয়ে আজ সকাল ১০টা থেকে আধার কার্যালয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

---

হাইলাকান্দি জেলার প্রিয়া সিংহ এবং পুষ্পা সাহু আগামী ২৮ থেকে ৩০শে জুলাই পর্যন্ত নেপালের পোখরায় অনুষ্ঠিত এশিয়ান মহিলা ফুটসল প্রতিযোগীতায় ভারতীয় জাতীয় দলের প্রতিনিধিত্ব করতে যাচ্ছেন । প্রিয়া সিংহা লালা থানার অন্তর্গত রাজ্যেশ্বরপুর দ্বিতীয় খন্ড গ্রামের এবং পুষ্পা সাহু হাইলাকান্দি জেলা দলের সদস্য ও বদরপুরের বাসিন্দা । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে বরাক উপত্যকার এই দুই কৃতি খেলোয়াড়কে সংবর্ধনা জানানো সহ আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে ।

---

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আজ শিলচর এন আই টি সংলগ্ন ভরাখাই হাইস্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

---